# আল-হিজর | Al-Hijr | ٱلْحِجْر

আয়াতঃ ১৫ : ৮০

## আরবি মূল আয়াত:

وَ لَقَدۡ کَذَّبَ اَصۡحٰبُ الۡحِجۡرِ الۡمُرۡسَلِیۡنَ ﴿۸۰﴾

## অনুবাদসমূহ:

আর অবশ্যই হিজরের অধিবাসীরা [সালেহের (আঃ) কওম] রাসূলদেরকে অস্বীকার করেছে। — আল-বায়ান

হিজর-এর লোকেরাও রসূলদেরকে অমান্য করেছিল। — তাইসিরুল

হিজরবাসীরা রাসূলদের প্রতি মিথ্যা আরোপ করেছিল। — মুজিবুর রহমান

And certainly did the companions of Thamud deny the messengers. — Sahih International

৮০. আর অবশ্যই হিজরবাসীরা(১) রাসূলের প্রতি মিথ্যা আরোপ করেছিল;

(১) তারা হলো সালেহ আলাইহিস সালামের জাতি। তারা যা যা করত এবং তাদের উপর কি কি আযাব এসেছিল তা এস্থান ছাড়াও কুরআনের অন্যান্য স্থানে আলোচনা করা হয়েছে। [দেখুন, সূরা আল-আরাফঃ ৭৩-৭৮, সূরা হুদঃ ৬১-৬৮, সূরা আশ শু'আরাঃ ১৪১–১৫৯]

তাফসীরে জাকারিয়া

(৮০) হিজরবাসিগণও রসূলদেরকে মিথ্যা মনে করেছিল। [1]

[1] হিজর সালেহ (আঃ)-এর জাতি সামূদের জনবসতির নাম। এদেরকে أصحاب الحجر বলা হয়েছে। এ জনবসতি মদীনা ও তাবুকের মাঝে অবস্থিত ছিল। সেখানকার অধিবাসীরা তাদের নবী সালেহ (আঃ)-কে মিথ্যা মনে করেছিল। কিন্তু এখানে মহান আল্লাহ (বহুবচন শব্দ ব্যবহার করে) বলেছেন, তারা রসূলদেরকে মিথ্যা মনে করেছিল। কারণ একজন নবীকে মিথ্যা মনে করার অর্থ হল, সকল নবীদেরকে মিথ্যা মনে করা।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=1882

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন